

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৪

আগরতলা, ২৪ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪ : ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্র
নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে ধলাই জেলা সফরে মুখ্য নির্বাচন আধিকারিক



২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল আজ ধলাই জেলার লংতরাইভ্যালি ও গন্ডাতুইসা মহকুমা পরিদর্শন করেন। পরিদর্শনের সময় মুখ্য নির্বাচন আধিকারিকের সাথে ছিলেন স্টেট পুলিশ নোডাল অফিসার জি এস রাও। ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনে নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখতে এবং সংশ্লিষ্ট সকল আধিকারিকদের মধ্যে সমন্বয় নিশ্চিত করতে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল ও স্টেট পুলিশ নোডাল অফিসার জি এস রাও-এর নেতৃত্বে লংতরাইভ্যালি এবং গন্ডাতুইসা মহকুমায় পৃথক পৃথক পর্যালোচনা সভায় মিলিত হন। লংতরাইভ্যালি ও গন্ডাতুইসা মহকুমায় পর্যালোচনা সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলাশাসক, পুলিশ সুপার, মহকুমা পুলিশ আধিকারিকগণ, অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারগণ, সিএপিএফ কমান্ডেন্টরা এবং সেক্টর ম্যাজিস্ট্রেটগণ। ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলাশাসক সাজু বাহিদ এ আজ এক প্রেস নোটে এ সংবাদ জানান। লংতরাইভ্যালি মহকুমা শাসক কার্যালয়ে মুখ্য নির্বাচন আধিকারিক ৪৮-করমছড়া (এসটি), ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা ক্ষেত্রের প্রস্তুতি খতিয়ে দেখেন। লংতরাইভ্যালি মহকুমায় মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল সহ অন্যান্য আধিকারিকগণ লংতরাইভ্যালি মহকুমা শাসক কার্যালয়ে স্ট্রং রুম পরিদর্শন করেন এবং অন্যান্য প্রস্তুতি খতিয়ে দেখে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশ দেন।

২-এর পাতায়

লংতরাইভ্যালি ও গডাতুইসা মহকুমায় পর্যালোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল গোটা নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সততা বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন। অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের জন্য সূক্ষ্ম পরিকল্পনার প্রয়োজনীয়তার কথাও তিনি বলেন। স্টেট পুলিশ নোডাল অফিসার জি এস রাও নির্বাচন প্রক্রিয়ায় আইন শৃঙ্খলা বজায় রাখতে এবং আইন শৃঙ্খলা বজায় রাখতে এবং আইন শৃঙ্খলা সম্পর্কিত যে কোনও সমস্যা মোকাবেলায় আইন প্রণয়নকারী এজেন্সি ও নির্বাচনকর্মীদের মধ্যে সহযোগিতা ও সমন্বয়ের উপর গুরুত্ব দেন। তারা নির্বাচন সংক্রান্ত যে কোনও সমস্যার মোকাবেলায় ইতিবাচক হয়ে কাজ করতে এবং সতর্ক থাকতে পরামর্শ দেন। প্রেস নোটে রিটার্নিং অফিসার জানিয়েছেন, নির্বাচনে প্রস্তুতিমূলক যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে। ইভিএম এবং অন্যান্য নির্বাচনী সরঞ্জামের বন্টন প্রক্রিয়ার সুবিধার্থে ৬টি রিসিভ ও ডিসপারসেল সেন্টার খোলা হয়েছে। নির্বাচনের দিন শান্তি বজায় রাখতে এবং যে কোনও সমস্যার দ্রুত সমাধানের লক্ষ্যে ১৫টি ক্লাস্টার ও ৩১টি কুইক রেসপন্স টিম গঠন করা হয়েছে। ধলাই জেলার ৩৭৯টি ভোটকেন্দ্রে সিসিটিভি ক্যামেরা লাগানো হয়েছে এবং সেগুলিকে পরীক্ষামূলকভাবে চালিয়ে দেখা হয়েছে।
